

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-৬ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-২৮


তারিখ: ২৩ ফাল্গুন, ১৪৩২
০৮ মার্চ, ২০২৬

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule 1 of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার কর্তৃক আসন্ন শব-ই-কদর ও ঈদ-উল-ফিতরের পূর্ব নির্ধারিত ছুটির মধ্যবর্তী ১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার নির্বাহী আদেশে ০১ (এক) দিনের সরকারি ছুটি ঘোষণা করা হলো। ছুটিকালীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকবে।

- ২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
- (খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
- (গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
- (ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।
- ৩। ব্যাংক কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।
- ৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
- ৫। বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/কল-কারখানা ও প্রতিষ্ঠানের জন্য সাধারণ ছুটি ঘোষণার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(এ.বি.এম. আবু বাকার ছিদ্দিক)

সহকারী সচিব

ফোন: ৯৯৯৯৯৯৯৯৯৯৯৯

তারিখ : ২৩ ফাল্গুন, ১৪৩২
০৮ মার্চ, ২০২৬

নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-২৮/২(১০০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল), (তঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার (সকল)।
- ১০। জেলা প্রশাসক (সকল)।
- ১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।



(এ.বি.এম. আবু বাকার হিদ্দিক)
সহকারী সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
সংস্থাপন শাখা
বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bfidc.gov.bd

রাবার কাঠ শক্ত, টেকসই ও
উন্নতমানের। আপনিও রাবার
কাঠের আসবাবপত্র ব্যবহার
করুন।

স্মারক নম্বর: ২২.০৩.০০০০.০০০.১০৬.৯৯.০০০৪.২৪.৯৬

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: পৃষ্ঠাঙ্কন ০৯ মার্চ ২০২৬

Datida

১০-০৩-২০২৬

নাহিদা বারিক

সচিব

ফোন : ০২২২৩৩৮২১১৯

ইমেইল : secretary@bfdc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (সকল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক, বিএফআইডিসি, রাবার বিভাগ (সকল)।
- ৪। ব্যবস্থাপক/ বিক্রয় ইনচার্জ, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র/ রাবার বিক্রয় কেন্দ্র, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন।
- ৫। শাখা প্রধান (সকল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
- ৬। বিএফআইডিসি, শিল্প ইউনিট (সকল)।
- ৭। বিএফআইডিসি, রাবার বাগান (সকল) এবং
- ৮। অধ্যক্ষ, অধ্যক্ষ এর দপ্তর, বিএফআইডিসি ট্রেনিং সেন্টার (বিটিসি), হোঁয়াখো, ফটিকছড়ি, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ২২.০৩.০০০০.০০০.১০৬.৯৯.০০০৪.২৪.৯৬/১ (১)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



Datida

১০-০৩-২০২৬

নাহিদা বারিক

সচিব